

💵 সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৯

৫. কিতাবুল ঈমান (كتَابُ الْإِيمَان)

পরিচ্ছেদঃ আমরা যে তিনটি বিষয় উল্লেখ করেছি, সেগুলোর মাঝে পারস্পরিক সম্পর্ক

ذِكْرُ إِثْبَاتِ الْأَلِفِ بَيْنَ الْأَشْيَاءِ الثَّلَاثَةِ الَّتِي ذَكَرْنَاهَا

আরবী

أَخْبَرَنَا عُمَرُ بْنُ مُحَمَّدِ الْهَمْدَانِيُّ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ إِسْمَاعِيلَ الْبُخَارِيُّ حَدَّثَنَا يَحْيَى بْنُ بِنُ الْمُحَرِّ عَنْ سُهَيْلِ بْنِ أَبِي صَالِحٍ عَنْ أَبِيهِ عَنْ أَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: "كُلُّ مَوْلُودٍ يُولَدُ عَلَى الْفِطْرَةِ فَأَبُواهُ يُهُوّدَانِهِ أَوْ يُمَجِّسَانِهِ"

الراوي: أَبِو هُرَيْرَةَ | المحدث: شعيب الأرنؤوط | المصدر: صحيح ابن حبان الصفحة أو الرقم: 129 | خلاصة حكم المحدث: إسناده صحيح على شرط مسلم

বাংলা

১২৯. আবু হুরাইরা রাদ্বিয়াল্লাহু তা'আলা আনহু থেকে বর্ণিত, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: "প্রত্যেক শিশু ইসলামের সঠিক আকীদা-বিশ্বাসের উপর জন্ম গ্রহন করে, অতঃপর তার বাবা-মা তাকে ইহুদি, খ্রীষ্টান ও অগ্নীপূজক বানায়।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ: قَوْلُهُ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "كُلُّ مَوْلُودٍ يُولَدُ عَلَى الْفِطْرَةِ" أَرَادَ بِهِ عَلَى الْفِطْرَةِ الَّتِي فطره الله على على الْفِطْرَةِ الله عَلَى الْفِطْرَةِ الله عَلَيْهَا لَا تَبْدِيلَ لِخَلْقِ على اللهِ الَّتِي فَطَرَ النَّاسَ عَلَيْهَا لَا تَبْدِيلَ لِخَلْقِ عليها جل وعلا يوم أَخْرَجَهُمْ مِنْ صُلُبِ آدَمَ لِقَوْلِهِ جَلَّ وَعَلَا {فِطْرَتَ اللَّهِ الَّتِي فَطَرَ النَّاسَ عَلَيْهَا لَا تَبْدِيلَ لِخَلْقِ . {اللَّهِ

يَقُولُ: لَا تَبْدِيلَ لِتِلْكَ الْخِلْقَةِ الَّتِي خَلَقَهُمْ لَهَا إِمَّا لِجَنَّةٍ وَإِمَّا لِنَارٍ حَيْثُ أَخْرَجَهُمْ مِنْ صُلْبِ آدَمَ فَقَالَ هَوُّلَاءِ لِلْجَنَّةِ وَهُولُلَاءِ لِلْجَنَّةِ وَهُولُلَاءِ لِلنَّارِ أَلَا تَرَى أَنَّ غُلَامَ الْخَضِرِ قَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: "طَبَعَهُ اللَّهُ يَوْمَ طَبَعَهُ كَافِرًا" وَهُو بَيْنَ أَبُويْنِ مُؤُمِنَيْنِ فَأَعْلَمَ اللَّهُ ذَلِكَ عَبْدَهُ الْخَضِرَ وَلَمْ يُعْلِمْ ذَلِكَ كَلِيمَهُ مُوسَى صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى مَا ذَكَرْنَا فِي غَيْرِ مُؤْمِنَيْنِ فَأَعْلَمَ اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى مَا ذَكَرْنَا فِي غَيْرِ مَوْضِعِ مِنْ كُتُبِنَا

আবু হাতিম রাহিমাহুল্লাহ বলেন: রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর বাণী "প্রত্যেক শিশু স্বভাবজাত



বৈশিষ্ট্যের উপর জন্ম গ্রহন করে" এর দ্বারা উদ্দেশ্য হলো ঐ স্বভাবজাত বৈশিষ্ট্য, যার উপর তিনি মানুষকে সৃষ্টি করেছেন, যেদিন তিনি মানুষকে আদম আলাইহিস সালাম এর পৃষ্ঠদেশ থেকে বের করেছিলেন। মহান আল্লাহ বলেন: আল্লাহর ফিতরাত (স্বভাবজাত চেতনা, ইসলামের সঠিক আকীদা-বিশ্বাস, একাত্ববাদ) যার উপর তিনি মানুষকে সৃষ্টি করেছেন, আল্লাহর সৃষ্টির কোন পরিবর্তন নেই।" (সূরা রূম: ৩০) তিনি বলেন: আল্লাহর ঐ সৃষ্টির কোন পরিবর্তন নেই, যেজন্য তিনি তাদেরকে সৃষ্টি করেছেন। তিনি যখন তাদেরকে আদমের পৃষ্ঠদেশ থেকে সৃষ্টি করেছেন, তখনি তাদেরকে হয়তো জান্নাত নতুবা জাহান্নামের জন্য সৃষ্টি করেছেন, তিনি বলেছেন: এরা জান্নাতী আর এরা জাহান্নামী। তুমি কি লক্ষ্য করো না, খাযির আলাইহিস সালাম যে শিশুকে হত্যা করেছিলেন, তার ব্যাপারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: মহান আল্লাহ যখন তার প্রকৃতি সৃষ্টি করেছেন, তখন কাফের প্রকৃতি দিয়েই সৃষ্টি করেছেন। অথচ সে মুমিন পিতা-মাতার সন্তান ছিল। তার ব্যাপারটি মহান আল্লাহ তাঁর বান্দা খাযির আলাইহিস সালামকে জানিয়েছিলেন কিন্তু তাঁর সাথে সরাসরি কথা বলা মুসা আলাইহিস সালামকে জানানি। এসব বিষয় আমরা আমাদের কিতাবের অন্যত্র বর্ণনা করেছি।"

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ২৬৫৮; মুশকিলুল আসার: ২/১৬২; তিরমিযী: ২১৩৮; শারহুস সুন্নাহ: ৮৫; আবু দাউদ: ৪৭০৫। হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আল ইরওয়া: ১২২০)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবু হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন